

মোহনা

দেবাশিস চৌধুরী

দিন বদলেছে, বদলেছে রঙ
রক্তের ঞ্গে কেউ লাগাতে পারেনি
এতটুকু দাগ,
যে দাগ লেগে আছে তোমার চুমুতে।

প্রতিবেশী বাতাস এসে উড়িয়ে নিয়ে যায়
আমার কালীন প্রেম
তবুও রোজ সন্ধ্যায় বাতি জ্বলে
তুলসী প্রেয়সীর নামে।

এই মৃত্যু উপত্যকায়
আমি আজ ঘুমোতে পারছি না
নারকীয় শব্দের দাপটে--
তবুও কান পেতে শুনি আগমনীর গান

|

* * *